

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭৯১

আগরতলা, ৯ সেপ্টেম্বর, ২০২৫

ধলাই জেলার কাছিম ছড়া-আয়ুষ্মান
আরোগ্য মন্দিরের অধীনে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত

গতকাল ধলাই জেলার আমবাসা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীনে কাছিম ছড়া-আয়ুষ্মান আরোগ্য মন্দিরের আওতাধীন কৃষ্ণকুমার পাড়ায় স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। এই স্বাস্থ্য শিবিরে মোট ২৬ জন রোগী উপকৃত হয়েছেন। রোগীদের বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয় এবং ম্যালেরিয়া ও অসংক্রামক রোগ এনসিডি স্ক্রিনিং করা হয়। স্বাস্থ্যকর্মীরা রোগীদের স্বাস্থ্য সম্পর্কিত বিভিন্ন বিষয়ে সচেতন করেন এবং স্বাস্থ্যবিধি মেনে চলার গুরুত্ব সম্পর্কেও অবহিত করেন।

স্বাস্থ্যকর্মীদের দ্বারা আয়োজিত একটি সচেতনতা কর্মসূচিও এই শিবিরের অন্তর্ভুক্ত ছিল, যেখানে উপস্থিত সকলকে স্বাস্থ্য সুরক্ষায় ব্যক্তিগত পরিচর্যা ও পরিচ্ছন্নতার গুরুত্ব সম্পর্কে ধারণা দেওয়া হয়। এই ধরনের উদ্যোগ প্রত্যন্ত অঞ্চলের মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।
